



এরদোগানকে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানালেন প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান ও তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী হাকান ফিদান। ছবি: সংগৃহীত

তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগানকে সুবিধাজনক সময়ে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। শনিবার (৬ জুন) রাজধানীর তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী হাকান ফিদান সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি এ আমন্ত্রণ জানান। সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী তারেক রহমান বাংলাদেশ সফরে আসায় তুরস্কের পররাষ্ট্রমন্ত্রীকে ধন্যবাদ জানান। জবাবে হাকান ফিদান তুরস্কের প্রেসিডেন্ট এরদোগানের শুভেচ্ছা প্রধানমন্ত্রীর কাছে পৌঁছে দেন।

ফিদান বলেন, তার এবারের সফর বাংলাদেশ ও তুরস্কের সম্পর্কে নতুন কৌশলগত পর্যায়ে নিয়ে যাওয়ার একটি গুরুত্বপূর্ণ সূচনা। এ সময় দুই দেশ পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ে নিয়মিত ফরেন অফিস কনসালটেশন আয়োজনের বিষয়ে নীতিগতভাবে একমত হয়।

এছাড়া প্রতিবছর দুই দেশের পররাষ্ট্র ও প্রতিরক্ষামন্ত্রীদের অংশগ্রহণে 'টু প্লাস টু' (২+২) বৈঠক আয়োজনের সিদ্ধান্ত হয়। একই সঙ্গে রাজনৈতিক, অর্থনৈতিক ও কৌশলগত সহযোগিতা বাড়াতে যৌথ পরামর্শ কাঠামো গঠনের বিষয়েও আলোচনা হয়েছে।

বৈঠকে রোহিঙ্গা সংকট, জলবায়ু পরিবর্তন, বাণিজ্য ও বিনিয়োগ, যৌথ উৎপাদন এবং আঞ্চলিক ও আন্তর্জাতিক বিভিন্ন ইস্যু নিয়ে বিস্তারিত মতবিনিময় হয়।

বাংলাদেশের পক্ষে বৈঠকে উপস্থিত ছিলেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান, পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়দ এবং প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির।